

সূত্র নং-২৮.১৪.০০০০.১০৮.১৩.০০৮.২০. ২১৮

তারিখ : ২২-১০-২০২০

কম্পিউটার (স্ট্যাবিলাইজার ও প্রিন্টারসহ) ক্রয় ঋণ মঞ্জুরিপত্র

কোম্পানির পরিচালকমণ্ডলী কর্তৃক অনুমোদিত "কম্পিউটার ক্রয়ের অগ্রিম মঞ্জুরীর নীতিমালা" অনুসারে কোম্পানির নিয়মিত কর্মকর্তাকে ২০২০-২০২১ অর্থ বছরে ঋণ প্রদানের লক্ষ্যে এতদসংশ্লিষ্ট স্থায়ী কমিটি কর্তৃক দাখিলকৃত সুপারিশ এবং কর্তৃপক্ষের অনুমোদন মোতাবেক নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত কর্মকর্তার অনুকূলে কম্পিউটার (স্ট্যাবিলাইজার ও প্রিন্টারসহ) ক্রয় অগ্রিম ঋণ মঞ্জুর করা হলো:

ক্রমিক নং	কর্মকর্তার নাম, আইডি নং, পদবি ও কর্মস্থল	প্রদেয় অগ্রিমের পরিমাণ
১.১।	জনাব এ.এম. বদরুল আলম আইডি নং-০০২০৮ ব্যবস্থাপক (পোস্টিং এন্ড প্রমোশন) সাধারণ প্রশাসন ডিপার্টমেন্ট।	৳ ৬০,০০০.০০ (ষাট হাজার টাকা)

- সম বা তদুর্ধ্ব পদমর্যাদা সম্পন্ন ২ (দুই) জন কর্মকর্তার দ্বারা অঙ্গীকারনামা ও সিউরিটি বন্ড নিজ খরচে ৳ ৩০০.০০ (তিনশত টাকা)'র নন-জুডিশিয়াল স্ট্যাম্প সম্পাদনকরতঃ কোম্পানির পে-রোল এন্ড বিলস ডিপার্টমেন্টে দাখিল সাপেক্ষে বর্ণিত অর্থ অগ্রিম হিসেবে প্রদান করা হবে।
- প্রদত্ত অগ্রিম অপেক্ষা কম্পিউটার (স্ট্যাবিলাইজার ও প্রিন্টারসহ) ক্রয়ের প্রকৃত মূল্য কম হলে সে ক্ষেত্রে প্রকৃত মূল্যই কম্পিউটার (স্ট্যাবিলাইজার ও প্রিন্টারসহ) ক্রয়ের অগ্রিম মঞ্জুরি বলে গণ্য হবে।
- কম্পিউটার (স্ট্যাবিলাইজার ও প্রিন্টারসহ) ক্রয়ের যথাযথ মূল ক্যাশ মেমো/রশিদ অবশ্যই অগ্রিম প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কোম্পানির পে-রোল এন্ড বিলস ডিপার্টমেন্টে জমা প্রদান করতে হবে। অন্যথায়, সম্পূর্ণ প্রদত্ত অগ্রিম অর্থ পরবর্তী ১০ (দশ) দিনের মধ্যে অর্থাৎ অগ্রিম প্রাপ্তির ৪০ (চল্লিশ) দিনের মধ্যে এককালীন কোম্পানির নিকট ফেরত দিতে বাধ্য থাকবেন।
- ক্রমিক নং-৪ এ উল্লিখিত শর্ত পালনে ব্যর্থ হলে বেতন, প্রদেয় ভবিষ্য তহবিল (নিজস্ব চাঁদা), এবং সিউরিটি বন্ড প্রদানকারী কর্মকর্তাদের বেতন, প্রদেয় ভবিষ্য তহবিল (নিজস্ব চাঁদা) হতে অনতিবিলম্বে উক্ত অর্থ আদায় করা হবে।
- অগ্রিম প্রদানের পরবর্তী মাস হতে সুদসহ মূল অর্থ নিয়মিত মাসিক বেতন হতে অনূর্ধ্ব ৬০ (ষাট) কিস্তিতে কর্তন করা হবে।
- উক্ত অগ্রিমের উপর বার্ষিক ১০% (শতকরা দশ টাকা) সরল সুদ প্রদেয় হবে। কিন্তু অনুযায়ী অগ্রিম পরিশোধে ব্যর্থ হলে বার্ষিক ১১% (শতকরা এগার টাকা) চক্রবৃদ্ধি হারে সুদ আদায়যোগ্য হবে।
- ছুটিতে থাকাকালে বেতন হ্রাসিত থাকলে নিখারিত কিস্তিসমূহের টাকা পরবর্তীতে সম্পূরক বিল হতে এককালীন কর্তন করা হবে।
- কোম্পানির চাকরি হতে পদত্যাগ করলে বা কোম্পানি কর্তৃক চাকরিচ্যুত হলে সুদসহ মূল অর্থের সম্পূর্ণ/অবশিষ্ট অংশ কোম্পানিকে ফেরত দিতে বাধ্য থাকবেন। অন্যথায়, তা চূড়ান্ত দেনা-পাওনার অর্থ হতে সমন্বয় করা হবে।
- যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী এ মঞ্জুরিপত্র জারি করা হলো।

২২/১০/২০

(মোঃ মোশারফ হোসেন)

উপ-মহাব্যবস্থাপক (ইআর এন্ড ডব্লিউ)

বিতরণ: জনাব/মিসেস-----জিটিসিএল।

অনুলিপিঃ

- ১। মহাব্যবস্থাপক (হিসাব), জিটিসিএল।
- ২। মহাব্যবস্থাপক (প্রশাসন), জিটিসিএল।
- ৩। উপ-মহাব্যবস্থাপক (পে-রোল এন্ড বিলস), জিটিসিএল।
- ৪। ব্যবস্থাপক (নেটওয়ার্ক এডমিনিস্ট্রেশন), জিটিসিএল, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৫। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জিটিসিএল।
- ৬। ব্যক্তিগত নথি।
- ৭। অফিস কপি।